



আওয়ামী লীগের সঙ্গে গণতন্ত্র যায় নাহ: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

আওয়ামী লীগ ও গণতন্ত্র একই ধারায় চলতে পারে না বলে মন্তব্য করেছেন পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। একই সঙ্গে তিনি বলেন, বিএনপি সরকার সংবাদমাধ্যমের স্বাধীনতা রক্ষায় অঙ্গীকারবদ্ধ।

মঙ্গলবার (১৬ জুন) জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে) ও ঢাকা সাংবাদিক ইউনিয়নের (ডিইউজে) যৌথ আয়োজনে অনুষ্ঠিত এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, বিএনপি যখনই রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পালন করেছে, তখন সংবাদমাধ্যম তুলনামূলকভাবে বেশি স্বাধীন পরিবেশে কাজ করার সুযোগ পেয়েছে। তিনি অভিযোগ করেন, দেশের বিভিন্ন গণমাধ্যম প্রতিষ্ঠানে এখনো অনেক কর্মী বৈষম্য ও অনাকাঙ্ক্ষিত আচরণের শিকার হচ্ছেন।

অনুষ্ঠানে তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপনও বক্তব্য দেন। তিনি বলেন, প্রস্তাবিত গণমাধ্যম কমিশন ভবিষ্যতে দেশের অন্যতম কার্যকর ও শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে গড়ে উঠবে। তার মতে, নতুন বাস্তবতায় গণমাধ্যম খাতে জবাবদিহি ও প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালী করতেই এ উদ্যোগ নেওয়া হচ্ছে।